যুগান্তর

তারিখ 08 DEC 2017
পৃষ্ঠা ১৯ কলাম ৬

রাবি চারুকলার প্রশ্নপত্রে ধর্মীয় উসকানি

# ডিনসহ দুই শিক্ষককে পরীক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি

**রাজশাহী ব্যুরো**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে ধর্মীয় উস্কানিমূলক দু'ট প্রশ্ন রাখার দায়ে অনুষদের ডিনসহ দুই শিক্ষককে ১০ বছরের জন্য বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে। আইনগত বাধা না থাকলে ডিনকে তার পদ থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্তও নেয়া হয়েছে। বুধবার রাতে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এম. আবদুস সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত ৪৭৪তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত অনুমোদন হয়।